যাওয়ার পথে বাড়িয়ে দিয়ে হাত,
কেউ তো এসে দাঁড়ায় না পথ জুড়ে;
বলে না কেউ ভালোবেসে, এখন নাই বা গেলে-
ব্যর্থ ব্যথা হৃদয় জুড়ে বেড়ায় ঘুরে ঘুরে।

রইলো পড়ে ধুসর জীবন, বিবর্ণ রাজপাট,
জয় না হওয়া শৃঙ্গ অনেক, অসমাপ্ত কাজ-
ভালোবাসা, শ্রদ্ধা অনেক, অপমান ও গ্লানি,
শেষ সিঁড়িটা পেরিয়ে একা হাঁটছে মহারাজ....

জেতা হারার হিসেব তুচ্ছ, জীবনের ময়দানে-
হার না মানা তোমার জেদই প্রেরণা হোক প্রাণে।